তথ্যবিবরণী নম্বর- ৮৭

# রাজশাহীতে আন্তর্জাতিক টেনিস চ্যাম্পিয়নশিপ ২০২৫ এর উদ্বোধন আগামীকাল

রাজশাহী: ১৮ আশ্বিন (০৩ অক্টোবর):

আগামীকাল থেকে শুরু হতে যাচ্ছে ৩০তম রাজশাহী ইন্টারন্যাশনাল (অনূর্ধ্ব-১৮) জুনিয়র টেনিস চ্যাম্পিয়নশিপ-২০২৫। আগামীকাল বিকাল সাড়ে তিনটায় এর উদ্বোধন অনুষ্ঠিত হবে। এই টুর্নামেন্টের উদ্বোধন করবেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ। এ উপলক্ষে আজ (০৩ অক্টোবর) রাজশাহী টেনিস কমপ্লেক্স মিলনায়তনে এক প্রেস ব্রিফিং অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে সাংবাদিকদের ব্রিফ করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও টুর্নামেন্ট ডিরেক্টর মোহাম্মদ হাবিবুর রহমান।

সাংবাদিকদের ব্রিফিংকালে অতিরিক্ত বিভাগীয় কমিশনার বলেন, আন্তর্জাতিক টেনিস ফেডারেশনের অনুমোদনে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আর্থিক অনুদানে, বাংলাদেশ টেনিস ফেডারেশনের সহায়তায় ও রাজশাহী টেনিস কমপ্লেক্সের ব্যবস্থাপনায় আগামী ০৪ থেকে ১০ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত ৩০তম রাজশাহী ইন্টারন্যাশনাল (অনূর্ধ্ব-১৮) জুনিয়র টেনিস চ্যাম্পিয়নশিপ ২০২৫ অনুষ্ঠিত হবে। টুর্নামেন্টে স্বাগতিক বাংলাদেশসহ বিশ্বের ১১টি দেশের সর্বমোট ৫২ জন খেলোয়াড় এবং ১০ জন ম্যানেজার অংশগ্রহণ করবে।

তিনি জানান, অংশগ্রহণকারী দেশের মধ্যে বাংলাদেশ হতে ১৪ জন বালক ও ০৭ জন বালিকা, ভারত হতে ০৬ জন বালক ও ০৪ জন বালিকা, দক্ষিণ কোরিয়া হতে ০৪ জন বালক, আমেরিকা হতে ০১ জন বালক, থাইল্যান্ড হতে ০৫ জন বালক, জাপান হতে ০১ জন বালক ও ০১ জন বালিকা, চীন হতে ০৪ জন বালিকা, মালদ্বীপ হতে ০২ জন বালিকা, চাইনিজ তাইপে হতে ০১ জন বালক, সিঙ্গাপুর হতে ০১ জন বালক এবং হংকং হতে ০১ জন বালক অংশগ্রহণ করবে।

তিনি আরও জানান, আগামী ৪ থেকে ৫ অক্টোবর টুর্নামেন্টের কোয়ালিফাইং খেলা অনুষ্ঠিত হবে এবং ৬ অক্টোবর থেকে বিরতিহীনভাবে মেইন ড্র'র খেলা অনুষ্ঠিত হবে। এসময় সকলের সহযোগিতায় দেশের এই মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক টেনিস টুর্নামেন্ট সফলভাবে শেষ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য যে, এ টুর্নামেন্টের খেলা উপভোগের জন্য কোনো দর্শনী ফি প্রদান করতে হবে না।

..........................................

আলীম/আতিক/২০২৫/১৫:০০ ঘ.